**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)**

**খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব ওবায়দুল আশরাফ মিলন,পিতা- মোঃ মমতাজ আলি, মাতা মোছাম্মৎ রিজিয়া বেগম, ব্যবসায়িক ঠিকানা-মেসার্স তানিয়া এন্টারপ্রাইজ(প্রোপ্রাইটর), ২২৭/২২৮, মোল্লা মার্কেট (৫ম তলা), খাতুনগঞ্জ, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা: গ্রামু ু লাইব্রেরি বাজার, ডাকঘর- পাবনা সদর, থানা- পাবনা, জেলা- পাবনা, বর্তমান ঠিকানা: নাভানা জি এস ওয়াকেনিং, বি-৫( ষষ্ঠ তলা), ৮২৭, প্রথম গলি, মেহেদীবাগ রোড, জেলা- চট্টগ্রাম, কর্তৃক ইউসিবি, খাতুনগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৮.১০.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,৭০,৯২,২১৬.৪৪ (তিন কোটি সত্তর লক্ষ বিরানব্বই হাজার দুইশত ষোল টাকা চুয়াল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

| | |
|---|---|
| ১ | জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া, মৌজা- বিন্নিহারা, জে এল নং-৩৭, আর এস খতিয়ান নং. ১৮৪, আর এস প্লট নং ১৭০৪, ১৭০৩, বি এস খতিয়ান নং-২৮৫, ৪৩৩, বি এস মিউটেশন খতিয়ান নং- ৭৬৮, বি এস প্লট নং-১৮৭০, জায়গার পরিমাণ -৮.০০ শতাংশ। |
| ২ | জেলা- চট্টগ্রাম, থানা- কোতোয়ালী, মৌজা- উত্তর পাহাড়তলী খুলশী, জে এল নং-১, আর এস খতিয়ান নং-৯৫, আর এস প্লট নং-৪০৮, পি এস খতিয়ান নং-২৪০/২, পি এস প্লট নং-৩৫৯,বি এস খতিয়ান নং-১৩৪, বি এস মিউটেশন খতিয়ান নং- ১৩৪/১(সাবেক), বর্তমানে বি এস মিউটেশন খতিয়ান নং-৫৮৭, বি এস প্লট নং-৯৯৩, অবিভক্ত ও অচিহ্নিত জায়গার পরিমাণ ০.৮২ শতাংশ ভূমির উপর নির্মিত "নাভানা জি এস ওয়াকেনিং" নামীয় ভবনের ষষ্ঠ(5th Floor) তলায় অবস্থিত বি-৫নং ফ্ল্যাট যার আয়তন ১৫৫০ বর্গফুট একসঙ্গে বেইজমেন্ট ফ্লোরে কার পার্কিং এর স্পেস-৪ আয়তন ১১৮ বর্গফুট। |
| ৩ | জেলা- চট্টগ্রাম, থানা- কোতোয়ালী, মৌজা- উত্তর পাহাড়তলী খুলশী, জে এল নং-১, আর এস খতিয়ান নং-৯৫, আর এস প্লট নং-৪০৮, পি এস খতিয়ান নং-২৪০/২, পি এস প্লট নং-৩৫৯,বি এস খতিয়ান নং-১৩৪, বি এস প্লট নং-৯৯৩, বি এস মিউটেশন খতিয়ান নং-৫৮৬(পূর্বে), বর্তমানে বি এস মিউটেশন খতিয়ান নং-৭৬২, বি এস প্লট নং-৯৯৩, অবিভক্ত ও অচিহ্নিত জায়গার পরিমাণ ০.৮৪ শতাংশ ভূমির উপর নির্মিত "নাভানা জি এস ওয়াকেনিং" নামীয় ভবনের ষষ্ঠ(5th Floor) তলায় অবস্থিত এ-৫নং ফ্ল্যাট যার আয়তন ১৫৮৩ বর্গফুট একত্রে বেইজমেন্ট ফ্লোরে কার পার্কিং এর আয়তন ১১৮ বর্গফুট। মোট পরিমান ১৭১০ বর্গফুট। |

**নিলামের শর্তাবলী ঃ-**

| | |
|---|---|
| (১) | আগামী ২০.১১.২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। |
| (২) | প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। |
| (৩) | অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। |
| (৪) | দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন। |
| (৫) | ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ড় যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে। |
| (৬) | দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত/স্বত্তের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না। |
| (৭) | দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন। |
| (৮) | ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন। |

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা।**